

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ডিসেম্বর ১, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

(সিটি কর্পোরেশন-২ শাখা)

প্রজ্ঞাপন

তারিখ: ০৭ অগ্রহায়ণ ১৪২৩/২১ নভেম্বর ২০১৬

নং ৪৬.০০.০০০০.০৭১.২৭.০০৬.১২(অংশ-১).৫৮০—খুলনা সিটি কর্পোরেশনের মেয়র জনাব মো: মনিরুজ্জামান-এর বিরুদ্ধে দায়েরকৃত (১) খুলনা থানার মামলা নং ১৯, তারিখ: ২৬-১১-২০১৩ এর বিষয়ে অভিযোগপত্রসমূহ নং ১০৪ ও ১০৪(ক), তারিখ ৩০-০৪-২০১৫ (২) খুলনা থানার মামলা নং ৫, তারিখ: ০৪-০১-২০১৪ এর বিষয়ে অভিযোগপত্র নং ১৫৯ তারিখ ৩১-০৫-২০১৫ বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হওয়ায় তাঁকে স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬০ নং আইন) এর ধারা ১২ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে স্থানীয় সরকার বিভাগের ০২ নভেম্বর ২০১৫ তারিখের ৪৬.০০.০০০০.০৭১.২৭.০০৬.১২.৫৯৬ নং প্রজ্ঞাপনমূলে সাময়িকভাবে বরখাস্ত করা হয়।

২। উক্ত প্রজ্ঞাপনের বিরুদ্ধে জনাব মো: মনিরুজ্জামান মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং ৭০৯৮/২০১৬ দায়ের করলে মহামান্য হাইকোর্ট গত ০৭ জুন ২০১৬ তারিখের প্রদত্ত আদেশে স্থানীয় সরকার বিভাগের সাময়িক বরখাস্তের আদেশের ওপর ০৬(ছয়) মাসের জন্য স্থগিতাদেশ প্রদান করা হয়। মহামান্য হাইকোর্টের আদেশের বিরুদ্ধে মহামান্য আপীল বিভাগে আপীল মামলা (মামলা নং ২৫৪৭/২০১৬) দায়ের করা হলে আপীলটি গত ১৩ নভেম্বর ২০১৬ তারিখের আদেশে খারিজ হয়।

৩। এমতাবস্থায়, মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং ৭০৯৮/২০১৬-মূলে প্রদত্ত স্থগিতাদেশ বজায় থাকাকালীন সময়ে খুলনা সিটি কর্পোরেশনের মেয়র জনাব মো: মনিরুজ্জামান-কে সাময়িক বরখাস্তের আদেশটির কার্যকারিতা স্থগিত থাকবে।

৪। এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

কাজী আসাদুজ্জামান

উপসচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(১৭৭৫৯)

মূল্য : টাকা ৪.০০